**কবিতা/গল্প প্রকাশ**



নিজস্ব লেখা কবিতা/গল্প
সংবাদপত্রে প্রকাশিত করতে
যোগাযোগ নং - ৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ

EI YUG



**হলি ডে হোম বুকিং**



দর্শনীয় ভ্রমণের জায়গা-
হোটেল/রিসোর্ট :- তারাপীঠ,দিঘা ,পুরী, চিলকা, দার্জিলিং,আন্দামান । হোম স্টে :- আলিপুরদুয়ার। বাগান বাড়ি :- খেজুরি-পূর্ব মেদিনীপুর। বুকিং এর জন্য যোগাযোগ করুন "**এই যুগ**" অফিসে।
ফোন নং: 9062867921 ।



ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746

PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য - 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 9 OCTOBER 2025 ,THURSDAY | ৯ অক্টোবর ২০২৫ ,বৃহস্পতিবার ● VOLUME | বর্ষ-5 ● ISSUE | সংখ্যা-413


## বন্যা দুর্গতদের ত্রান বিলি করলেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, জলপাইগুড়ি, ৮ অক্টোবর : বুধবার জলপাইগুড়ি সদর ব্লকের বোয়ালমারি নন্দনপুর গ্রাম পঞ্চায়েত এলাকায় বন্যা দুর্গতদের ত্রান বিতরন করেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার। এদিন তিনি বন্যা দুর্গতদের সাথে কথা বলেন ও ত্রান কার্যক্রম চালান। তিনি জানান এলাকার গ্রাম পঞ্চায়েতে ক্ষমতায় রয়েছে বিজেপি। ব্লক বা জেলা প্রশাসন পঞ্চায়েত প্রধান ও পঞ্চায়েত সদস্যদের দ্বারা ত্রান বিতরন না করে বিডিওকে দিয়ে ত্রান বিতরন করাচ্ছে। নির্বাচিত জন প্রতিনিধিদের বঞ্চিত করে তৃণমূল নেতাদের কথায় ব্লক প্রশাসনের কর্তাদের দিয়ে ত্রান বিতরন করানোর বিষয়ে তিনি হুশিয়ারি দিয়ে বলেন সাধারন মানুষ এরপর ত্রান বিডিও এবং তৃণমূল নেতাদের ঘর থেকে নিয়ে আসবে। কিভাবে আনবে তা সাধারন মানুষ ঠিক করবে বলেও তিনি মন্তব্য করেন।

## বন্যাপ্লাবিত শিলিগুড়ি পৌর নিগমের বত্রিশ নম্বর ওয়ার্ডের জ্যোতির্ময় কলোনী পরিদর্শনে মেয়র




নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি, ৮ অক্টোবর : ভারী বৃষ্টি ও মহানন্দা নদীর জলে প্লাবিত হয় শিলিগুড়ি পৌর নিগমের বত্রিশ নম্বর ওয়ার্ডের জ্যোতির্ময় কলোনী। এলাকার অধিকাংশ বাড়িতেই জল ঢুকে ক্ষতির সম্মুখীন হয়েছেন বাসিন্দারা। বুধবার শিলিগুড়ি পৌর নিগমের মেয়র গৌতম দেব এলাকাটি পরিদর্শনে যান। তিনি বাসিন্দাদের সাথে কথা বলেন ও তাদের পাশে থাকার আশ্বাস দেন। বাসিন্দারা মেয়রের কাছে নদী বাঁধের দাবি জানালে মেয়র বলেন নদীতে বাঁধ দেবার জন্য পরিকল্পনা গ্রহন করা হয়েছে। মেয়র জানান দ্রুত ক্ষতিগ্রস্তদের তালিকা প্রস্তুত করে ক্ষতিগ্রস্তদের যথাযথ সহায়তা প্রদানের জন্য পদক্ষেপ গ্রহন করা হয়েছে। তিনি স্থানীয় কাউন্সিলরকে ক্ষতিগ্রস্তদের তালিকা ও ক্ষতির পরিমান সম্পর্কে বিস্তারিত তথ্য দ্রুত প্রস্তুত করতে বলেন।

## উদ্ধার গাঁজা,গ্রেপ্তার দুই




নিজস্ব সংবাদদাতা, এই যুগ, কোচবিহার, ৮ অক্টোবর : কোচবিহার জেলা পুলিশের কোতোয়ালি থানার পুলিশ বুধবার শুটকাবাড়ি গ্রাম পঞ্চায়েত কার্যালয়ের সামনের রাস্তায় নাকা চেকিং এ একটি মারুতি ভ্যান আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে মারুতি ভ্যানে থাকা চারটি বস্তার ভেতর থেকে উদ্ধার হয় গাঁজার প্যাকেট। জানা গেছে উদ্ধার করা গাঁজার মোট পরিমান একশো বাইশ কেজি চারশো পয়ত্রিশ গ্রাম। গাড়িতে থাকা দুই ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়েছে। পুলিশ সূত্রে জানানো হয়েছে সমস্ত প্রক্রিয়াটি এন ডি পি এস আইনের নির্দেশিকা মেনে সম্পন্ন করা হয়েছে। ধৃত দুই ব্যক্তির বিরুদ্ধে এন ডি পি এস আইনের নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে তাদের আদালতে পাঠানো হয়েছে ও তদন্তের স্বার্থে ধৃতদের রিমান্ডে নেবার আবেদন জানানো হয়েছে। পুলিশ তদন্তের স্বার্থে ধৃতদের নাম ঠিকানা গোপন রেখেছে।

## দুর্যোগ কাটিয়ে বক্সায় শুরু হলো জঙ্গল সাফারি



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার, ৮ অক্টোবর : কোথাও স্বস্তি, কোথাও চিন্তা। দুর্যোগ কাটিয়ে পুনরায় চালু হল বক্সায় জঙ্গল সাফারি। সকাল থেকেই সাফারির জন্য বক্সা ব্যাঘ্র প্রকল্পের জঙ্গল ঘেরা জয়ন্তী, রাজা ভাতখাওয়ায় ভিড় জমান পর্যটকেরা। জঙ্গল সাফারির পাশাপাশি, বক্সা পাহাড়েও শুরু হয়েছে পর্যটকদের আনাগোনা । অপরদিকে, জলদাপাড়ায় পর্যটনের সাথে জড়িত মানুষদের কপালে চিন্তার ভাঁজ। পুজোর ছুটিতে পর্যটনে ঠাসা জলদাপাড়ার বিভিন্ন পর্যটন কেন্দ্রে এক এক করে বাতিল হয়ে যাচ্ছে পর্যটকদের বুকিং। এই অবস্থায় বিপাকে পড়েছেন পর্যটন ব্যবসায়ীরা। দুর্যোগের রেশ কাটিয়ে কবে স্বাভাবিক ছন্দে ফিরবে জলদাপাড়া ! সেই উত্তর এখনও জানা নেই কারোরই।

# শিসা মারায় বন্যায় ক্ষতির পরিমাণ রাহুল গান্ধীকে পাঠানো হবে



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৮ অক্টোবর : আলিপুরদুয়ার জেলার শিসামারা বন্যা কবলিত এলাকা পরিদর্শন করলেন আলিপুরদুয়ার জেলা কংগ্রেস সভাপতি সহ এক প্রতিনিধি দল। এলাকা পরিদর্শন করে বন্যায় যে বাঁধ ভেঙেছিল তার বৈজ্ঞানিক নির্মাণ নিয়ে প্রশ্ন তোলেন কংগ্রেস নেতা। পাশাপাশি শিসা মারায় তোর্সা নদীটি তার দিক পথ ঘুরিয়েছিল যার ফলে এই বাঁধ ভেঙ্গে যায় বলে অভিযোগ করেন কংগ্রেস নেতা। এই বন্যার ফলে এই এলাকায় কয়েক কোটি টাকার ক্ষতি হয়েছে। এলাকায় ক্ষতির পরিমাণ কত তার রিপোর্ট জেলা শাসক ও দলীয়ভাবে রাহুল গান্ধীর নিকট প্রদেশ কংগ্রেস সভাপতি মারফত পাঠাবেন।। এবং স্থানীয় এলাকাবাসী আলিপুরদুয়ার জেলা কংগ্রেস প্রাক্তন বিধায়ক দেবপ্রসাদ রায়ের সঙ্গে এ বিষয়ে কথা বলেন।

# কিশোরীকে অপহরণ এবং ব্যাপক মারধর পরিবারের সদস্যদের




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৮ অক্টোবর : এক কিশোরীকে অপহরণ করার ঘটনা ঘটেছে শামুকতলা থানা এলাকায়। কিশোরীর পরিবারের পক্ষ থেকে একটি অভিযোগ দায়ের হয়েছে পুলিশের কাছে বুধবার রাত আটটা নাগাদ। কিশোরীর পরিবার সূত্রে জানা গেছে তার বয়স ১৬ বছর ৬ মাস। মঙ্গলবার রাত আটটা নাগাদ কিশোরীর মা বাড়ীতে না থাকা কালীন তার বাড়ির সামনে থেকে কিশোরী কে তুলে নিয়ে যায় এক যুবক। বিষয়টি আঁচ করতে পারার পরেই কিশোরীর পরিবারের দুজনকে পাঠানো হয় ওই যুবকের বাড়িতে তার কন্যাকে আনার জন্য। কিন্তু যুবকের পরিবারের লোকেরা কিশোরীর পরিবারের সদস্যদের ব্যাপক ভাবে মারধর করে। এরপরেই বুধবার রাত আটটা নাগাদ পুলিশের কাছে অপহরণের অভিযোগ দায়ের করা হয়। পুলিশ তদন্তের স্বার্থে অপহরণ কারীর নাম এবং কিশোরীর পরিবারের নাম ঠিকানা গোপন রেখেছেন। একটি মামলা শুরু করেছে পুলিশ।

# গৃহবধূ নিখোঁজের সংখ্যা বাড়ছে শামুকতলায়



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৮ অক্টোবর : বড় চৌকির বস এলাকার ২৭ বছরের গৃহবধূ সাড়ে তিন বছরের পুত্র সন্তানকে নিয়ে রহস্যজনকভাবে হারিয়ে গেছেন। বুধবার বিকেল চারটে নাগাদ গৃহবধূ পপি পাল দেবনাথ এর স্বামী বাবলু দেবনাথ পুলিশের কাছে একটি নিখোঁজের অভিযোগ দায়ের করেছেন। পুলিশ ও অভিযোগের পরিপ্রেক্ষিতে তদন্ত শুরু করেছে। শামুকতলা থানা এলাকা থেকে একের পর এক গৃহবধূ নিখোঁজ হয়ে যাওয়ার ঘটনা ঘটছে দিনের পর দিন।

# মর্মান্তিক দুর্ঘটনায় মৃত্যু, শোকের ছায়া এলাকায়



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৮ অক্টোবর : মর্মান্তিক দুর্ঘটনায় মৃত্যু হয়েছে বাইক চালকের। বাইক এবং ব্রেক আপ ভ্যানের মুখোমুখি সংঘর্ষে এই মৃত্যুর ঘটনা ঘটেছে। মৃত বাইক চালকের নাম নির্মল বর্মন ৩১ বছর। তার বাড়ি দক্ষিণ পানিয়ালগুড়ি এলাকায়। বাইক চালক নির্মল বর্মনের মৃতদেহ ময়নাতদন্ত করে তার পরিবারের হাতে তুলে দেওয়া হয় বুধবার বিকেল পাঁচটা নাগাদ। ঘটনাটি ঘটেছে ৩১ নং জাতীয় সড়কের হলদিবাড়ী চৌপথী এলাকায় এমন টাই জানা গেছে পুলিশের কাছ থেকে বুধবার বিকেল পাঁচটা নাগাদ। জাতীয় সড়কের হলদিবাড়ি চৌপতি এলাকায় একটি বাইক ও পিক আপ ভ্যানের মুখোমুখি সংঘর্ষ হয়। সংঘর্ষে ঘটনাস্থলে মৃত্যু হয় বাইক চালক নির্মল বর্মনের। আপুর দিকে বাইকে থাকা আর এক আরোহী গুরুতর জখম হলে তাকে কোচবিহার সরকারি হাসপাতালে পাঠানো হয় চিকিৎসার জন্য। পুলিশ চা-পাতা বোঝাই পিক আপ ভ্যানটি আটক করেছে। নিয়ে আসা হয়েছে দুমড়ে মুচকে যাওয়া বাইকটি। একটি মামলা শুরু করা হয়েছে পুলিশের পক্ষ থেকে।

# জীবিত ব্যক্তিকে মৃত বানিয়ে টাকা আত্মসাৎ ,গ্রেপ্তার অভিযুক্ত




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৮ অক্টোবর : জীবিত চার শ্রমিককে মৃত বানিয়ে ৬ লক্ষ টাকা প্রভিডেন্ট ফান্ডের একাউন্ট থেকে তুলে নিল এক ব্যক্তি ঘটনায় চাঞ্চল্য তৈরি হয়েছে আলিপুরদুয়ার জেলায়। জাল শংসাপত্র তৈরির চক্র অনেকটাই সক্রিয় হয়ে উঠেছে আলিপুরদুয়ার জেলা জুড়ে। জয়গাঁ থানার পুলিশ আবদুল হামিদ নামে এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে। অভিযোগ, তিনি তোর্সা চা বাগানের শ্রমিক বুরারাই সান্তালকে মৃত দেখিয়ে ভুয়ো মৃত্যুর শংসাপত্র তৈরি করে তাঁর প্রভিডেন্ট ফান্ড অ্যাকাউন্ট থেকে প্রায় ৬ লক্ষ টাকা তুলে নিয়েছিলেন।ঘটনাটি প্রায় দুই মাস আগের। পরে বুরারাই সান্তাল বিষয়টি জানতে পেরে জয়গাঁ থানায় লিখিত অভিযোগ দায়ের করেন। পুলিশ তদন্ত শুরু করলেও অভিযুক্তকে খুঁজে পাওয়া যাচ্ছিল না। মঙ্গলবার রাতে সুভাষিনি চা বাগানের মুন্সি লাইনে গোপন সূত্রে খবরের ভিত্তিতে তাকে গ্রেপ্তার করা হয়।জয়গাঁ থানার আইসি পালজার শেরিং ভুটিয়া বলেন, “বুধবার অভিযুক্তকে আলিপুরদুয়ার আদালতে তোলা হয় এবং আরও তদন্তের স্বার্থে তাকে সাত দিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে।” চা বাগান এলাকার শ্রমিকের টাকা আত্মসাৎ হওয়ার পর ফের প্রমাণিত হলো আলিপুরদুয়ার জেলায় জাল চক্র অনেকটাই সক্রিয় আছে।

# উত্তরবঙ্গের পর্যটনে ক্ষতি প্রায় ৫০০ কোটি টাকা



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার, ৮ অক্টোবর : সিকিমে ভারী বৃষ্টিপাতের সঙ্গে ভুটান থেকে প্রবাহিত জল এবং ডলোমাইটের ধস উত্তরবঙ্গের পর্যটন শিল্পকে মারাত্মক ভাবে ক্ষতিগ্রস্ত করেছে। উৎসবের মরশুমে প্রায় ৫০০ কোটি টাকার ক্ষতির আশঙ্কা করা হচ্ছে।শনিবার রাতের নিম্নচাপের কারণে সৃষ্ট তীব্র বর্ষা ও পাহাড়ি ঢল উত্তরবঙ্গের নদীগুলিকে উপচে পড়তে বাধ্য করেছে। আলিপুরদুয়ার ও জলপাইগুড়ির হোটেল এবং রিসোর্টে প্লাবনের ঘটনা ঘটেছে। বিশেষ করে জলদাপাড়া জাতীয় উদ্যানের পাশ দিয়ে প্রবাহিত শিসামারা নদীর জল উপচে পড়ে হোমস্টে ও রিসোর্টগুলোতে ব্যাপক ক্ষয়ক্ষতি করেছে, যা আগে একসময়ের গুরুত্বপূর্ণ পর্যটন কেন্দ্র ছিল।রবিবার থেকে ডুয়ার্সের বিস্তীর্ণ অংশে বন্যার প্রভাব স্পষ্ট হতে শুরু করেছে। বহু রিসোর্ট ধ্বংস হয়েছে এবং কাদা ও মাটি এলাকায় ছড়িয়ে পড়েছে।পর্যটন বিশেষজ্ঞরা জানাচ্ছেন, ডুয়ার্সের অর্থনীতি মূলত চা, কাঠ ও পর্যটন—এই তিনটি খাতের উপর নির্ভরশীল। চা বাগান ও পর্যটন ক্ষেত্রে একইসঙ্গে বন্যার প্রভাব অর্থনৈতিক ভাবে এই অঞ্চলকে প্রায় পঙ্গু করে দিয়েছে।রাজ্য সরকারের পর্যটন বিভাগের ইকোট্যুরিজম কমিটির চেয়ারম্যান রাজ বসু বলেন, “এই বছর দুর্গাপূজা আগেই এসেছিল এবং বুকিং প্রায় পূর্ণ ছিল। ডুয়ার্সে ৬০–৬৫ শতাংশ থাকার জায়গা পূর্ণ ছিল। সাধারণত পর্যটকরা আবহাওয়া অনুসারে পাহাড় ও ডুয়ার্সের মধ্যে স্থানান্তরিত হন, কিন্তু এই বছর উভয় ক্ষেত্রেই একযোগে ক্ষয়ক্ষতি হয়েছে। স্থানীয়রা ব্যাপক ক্ষতির মুখে, এবং হতাহতের খবরও পাওয়া গেছে। সিকিমের ২০২৩ সালের দুর্যোগের পর পুনরুদ্ধারও এখনও চলমান। কমপক্ষে ছয় মাস লাগবে এই আঘাত কাটিয়ে উঠার জন্য।”তিনি আরও বলেন, চার জেলা প্রশাসন, ড্রাইভার এশিয়েশন, বিভিন্ন টুরিসম এশোসিয়েসন, হোটেল ওনার্স এসোসিয়েশন জিটিএ, শিলিগুড়ি মিউনিসিপাল কর্পোরেশন মিলে যেভাবে এই পরিস্থিতির মোকাবিলা করছে তাতে প্রত্যেকটি টুরিস্ট সেফ ছিল। শুধু একটি বিক্ষিপ্ত ঘটনা ঘটেছিল। এটাতে গোটা বিশ্ববাসীর কাছে একটি ভালো বার্তা গেছে। পাহড়ের শুখিয়াপোক্রি, মিরিক বিজনবাড়ি, আলিপুরদুয়ারের শিসামারা এছাড়াও যে যে এলাকায় লজ ও রিসোর্ট গুলির ক্ষতি হয়েছে আশা করছি সরকারী ভাবে সাপোর্ট দেওয়া হবে। সব মিলে ক্ষতির পরিমানটা প্রায় ৫০০ কোটি ছাড়িয়ে যাবে।”

# বিধায়কের দেহরক্ষীর বন্দুক ছিনিয়ে নেওয়ার চেষ্টা



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৮ অক্টোবর : কুমারগ্রামের বিধায়কের উপর হামলা এবং গাড়ি ভাঙচুর সহ তার দেহরক্ষীর বন্দুক ছিনিয়ে নেওয়ার অভিযোগে পাঁচজনের বিরুদ্ধে কুমারগ্রাম থানায় অভিযোগ দায়ের করলেন কুমারগ্রামের বিধায়ক মনোজ কুমার ওরাওঁ। বুধবার বিকেল সাড়ে তিনটা নাগাদ এমনটাই জানা গেছে বিধায়ক সূত্রে। উল্লেখ গত মঙ্গলবার কুমারগ্রাম ব্লকের বিত্তিবাড়ি বন্যা কবলিত এলাকায় বন্যা দুর্গতদের মধ্যে ত্রাণ বন্টন করতে গিয়ে আক্রান্ত হন তিনি। দুটি গাড়ি ভাঙচুর করা হয়। তার দেহরক্ষীর বন্দুক ছিনিয়ে নেওয়ার চেষ্টা করে এলাকার বেশ কয়েকজন। তাদের মধ্যে রথীন দাস, সুকু মিয়া, খোকন সরকার, কান্জল সরকার এবং তন্ময় দাসের নাম রয়েছে। যদিও ঘটনাটি ঘটেছে মঙ্গলবার বেলা বারোটা চল্লিশ মিনিট নাগাদ। বুধবার বিকেল সাড়ে তিনটা নাগাদ অভিযোগ দায়ের হয়েছে। ২৭ ঘন্টা পর অভিযোগ দায়ের নিয়ে নানারকম প্রশ্ন উঠছে। নাকি রাজ্যের নেতৃত্বের নির্দেশ পাওয়ার পরেই বিধায়ক অভিযোগ দায়ের করেছেন ? যদিও বিধায়ক বলছেন তার চিকিৎসা জনিত কারণে এবং মানসিক চাপে অভিযোগ দায়ের করতে দেরি হয়ে গেছে। তবে বিধায়কের এই অভিযোগের পরিপ্রেক্ষিতে পুলিশ তাদেরকে আদৌ গ্রেফতার করবে কিনা বড় প্রশ্ন হয়ে দাঁড়িয়েছে আমজনতার কাছে।

# ভুটানের সঙ্গে বৈঠক করবেন কালচিনির বিধায়ক



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৮ অক্টোবর : সমস্যা সমাধানে ভুটানের প্রশাসনের সাথে বৈঠক করল বিধায়ক বিশাল লামা । ভুটান সীমান্তবর্তী শহর জয়গাঁ এক গ্রাম পঞ্চায়েত মঙ্গলাবাড়ি গুরাস টোল এলাকায় ভুটানের সীমানা প্রাচীর ভেঙে প্রবেশ করে ভুটানের জল।এই পরিস্থিতিতে পলি বালিতে পরিপূর্ণ হয়ে যায় এলাকা। পলির পরিমাণ এতটাই বেশি যে এলাকার অনেক বাড়িঘর পলি চাপা পড়ে আছে ।এই বিষয়টি নিয়ে আলোচনা করতে এদিন ভুটানে গিয়ে কনসুলেটে জেনারেল এর সঙ্গে কথা বললেন বিজেপি বিধায়ক বিশাল লামা।আগামী কাল ভুটান প্রশাসনের সঙ্গে রয়েছে বৈঠক। বিশেষ করে মঙ্গলাবাড়ি এলাকায় এই সমস্যা দেখা যায়।বিধায়ক বিশাল লামা জানান, "ভুটানের জল হু হু করে এলাকায় প্রবেশ করে। প্লাবিত হয় এলাকা। বাসিন্দাদের উঠতে হয় রাস্তায়। এই সমস্যা আমরা তুলে ধরেছি ভুটানের কাছে। যাতে তাঁদের পক্ষ থেকে সমস্যা সমাধানে উদ্যোগ নেওয়া হয়।

# ময়নাগুড়ি থানার উদ্যোগে বন্যার্তদের সহায়তা



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, ময়নাগুড়ি, ৮ অক্টোবর : বন্যা দুর্গতদের সাহায্যের জন্য জলপাইগুড়ি জেলার ময়নাগুড়ি থানার পুলিশ একটি কমিউনিটি কিচেন চালুর পাশাপাশি আয়োজন করেছে বিশেষ শিবির। কমিউনিটি কিচেন থেকে বন্যা দুর্গতদের খাবার দেওয়া হচ্ছে। বিশেষ শিবির আয়োজন করে সেখান থেকে বন্যার্তদের প্রয়োজনীয় খাদ্য, ওষুধপত্র, বস্ত্র বিতরন করা হয়। এছাড়াও বন্যার কারনে নিখোঁজ, ক্ষতিগ্রস্ত সম্পত্তি, দরকারি নথিপত্র সংক্রান্ত অভিযোগ গ্রহনের জন্য বিশেষ ডেস্ক বসানো হয়। বন্যায় ক্ষতিগ্রস্তরা তাদের বিভিন্ন অভিযোগ সেখানে জানাতে পারছেন।

# জলপাইগুড়ি জেলা পুলিশের ত্রাণ কার্যক্রম নাগরাকাটায়



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, নাগরাকাটা, ৮ অক্টোবর : বন্যা বিধ্বস্ত জলপাইগুড়ি জেলার নাগরাকাটা থানা এলাকার বামনডাঙ্গা চা বাগানে ত্রান কর্মসূচি চালাচ্ছে জলপাইগুড়ি জেলা পুলিশ। উল্লেখ্য বন্যায় ব্যাপক ক্ষতিগ্রস্ত হয়েছে বামনডাঙ্গা চা বাগান ও লাগোয়া এলাকা। বন্যার্তদের খাবার সরবরাহের জন্য চালু করা হয়েছে কমিউনিটি কিচেন। পাশাপাশি তিনটি বিশেষ শিবির বসিয়ে বন্যায় ক্ষতিগ্রস্তদের অভিযোগ নথিভুক্ত করা হচ্ছে এবং প্রয়োজনীয় পরামর্শ সহ সহায়তা প্রদান করা হচ্ছে। বুধবার জেলা পুলিশ সুপার খন্ডবাহলে উমেশ গণপত এই শিবির ও ত্রান কার্যক্রম পরিদর্শন করেন। তিনি নিজ হাতে বন্যার্তদের খাবার পরিবেশন করেন ও তাদের সাথে কথা বলেন।

EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL |
PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE",BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 |
CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |